

০৮ আগস্ট, ২০১৭

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় আদিবাসী ভূমি কমিশন গঠনের দাবি

আদিবাসী বিষয়ক সংসদীয় ককাস-এর সভাপতি ফজলে হোসেন বাদশা এম.পি পাহাড় ও সমতলের আদিবাসীদের ভূমি অধিকার রক্ষায় অভিন্ন জাতীয় আদিবাসী ভূমি কমিশন গঠনের দাবি জানান।

আন্তর্জাতিক আদিবাসী দিবস উদযাপন উপলক্ষে আজ সকাল ১০ টায় রাজধানীর সিরডাপ মিলনায়তনে আন্তর্জাতিক আদিবাসী দিবস ২০১৭ উদযাপন কমিটির উদ্যোগে “ভূমিধস, আদিবাসী উচ্ছেদ ও মানবাধিকার” শীর্ষক এক আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এ দাবি জানান। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশনের সদস্য ও চাকমা সার্কেল চিফ ব্যারিস্টার রাজা দেবশীষ রায়।

রাজা দেবশীষ রায় বলেন, আন্তর্জাতিক আদিবাসী দিবস বিশ্বব্যাপী পালিত হচ্ছে। কিন্তু বাংলাদেশে সরকারিভাবে দিবসটি উদযাপিত হচ্ছে না। ৮০-র দশকে বাংলাদেশ সরকারের পক্ষ থেকে জাতিসংঘে লিখিতভাবে বলা হয়েছিল বাংলাদেশে আদিবাসী আছে। কিন্তু এখন কেন এমন করছেন তা বুঝতে পারছি না। তিনি সমতলের আদিবাসীদের জন্য যদি ১৯৫০ সালের ৯৭ ধারা নিয়ে কিছু বিধি করা হয় তাহলে তাদের সম্পত্তি রক্ষার ক্ষেত্রে সহায়ক হবে বলে মত প্রদান করেন।

এর আগে সূচনা বক্তব্যে এএলআরডি-র নির্বাহী পরিচালক শামসুল হুদা বলেন, শান্তি চুক্তির যথাযথ বাস্তবায়ন না হওয়া আদিবাসীদের অধিকার না পাওয়ার বড় কারণ। তাই তিনি পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির সম্পর্ক বাস্তবায়নের দাবি জানান।

অ্যাড. রাণা দাশগুপ্ত আদিবাসীদের আদিবাসী হিসেবে সাংবিধানিক স্বীকৃতি দিয়ে সংবিধান সংশোধন করা সময়ের দাবী উল্লেখ করে তিনি এই দাবীকে আরো জোরালো করার আহ্বান জানান।

ব্যারিস্টার সারা হোসেন বলেন, যারা আদিবাসীদের অধিকার নিয়ে কাজ করছে তাদেরও কথা বলার অধিকার রোধ করার জন্য বিভিন্ন কৌশল করা হচ্ছে।

অ্যাড. সৈয়দা রিজওয়ানা হাসান বন আইনের ব্যাখ্যা করে বলেন, বনবাসী আদিবাসীদের অধিকার রক্ষায় বন আইন ও নীতিতে পরিবর্তন আনতে হবে। কারণ প্রচলিত বন আইনসহ বন্য প্রাণী রক্ষা আইনের অনেকগুলো বিধান বনবাসীদের অস্তিত্বের জন্য হুমকি স্বরূপ।

আলোচনা সভায় ভূমিধস, আদিবাসী উচ্ছেদ এবং মানবাধিকার বিষয়ের উপরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়ত ফেরদৌস এবং আদিবাসীদের ভূমি অধিকার ও মানবাধিকার বিষয়ে বাংলাদেশ আদিবাসী ফোরামের সাধারণ সম্পাদক সঞ্জীব দ্রুং পৃথক দুটি প্রবন্ধ উপস্থাপন করেন। রোবায়ত ফেরদৌস তার প্রবন্ধে আইএলও-এর ১০৭ ও ১৬৯ নং কনভেনশন এবং ২০০৭ সালে গৃহীত জাতিসংঘ আদিবাসী জনগোষ্ঠী অধিকার বিষয়ক ঘোষণাপত্র মোতাবেক আদিবাসীদের ঐতিহ্যগত ভূমি অধিকারের আইনগত ও সাংবিধানিক স্বীকৃতি প্রদানসহ ৬ টি সুপারিশ তুলে ধরেন। সঞ্জীব দ্রুং দেশের বিভিন্ন অংশে আদিবাসীদের ভূমি দখলের চিত্র তুলে ধরে আদিবাসীদের উচ্ছেদ, ভূমি দখল, বন দখল, গাছ কাটা ও হয়রানী-জোরদখলকারীদের দস্যুদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানান।

গভা প্রধানের বক্তব্যে অ্যাড. সুলতানা কামাল সকল নাগরিকদের সমমর্যাদা ও সমান অধিকারে রাষ্ট্রের দায়িত্বের কথা উল্লেখ করে আদিবাসীদের প্রতি বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গী ও আচরণ বন্ধের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

এতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা আদিবাসী সংগঠনের প্রতিনিধি, মানবাধিকার কর্মী এবং নাগরিক প্রতিনিধিরা বক্তব্য রাখেন।

বার্তা প্রেরক:-

আন্তর্জাতিক আদিবাসী দিবস ২০১৭ উদযাপন জাতীয় কমিটির পক্ষে:-



শামসুল হুদা

নির্বাহী পরিচালক, এএলআরডি।